



বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উত্তাবনী খারণা, সহজিকৃত ও ডিজিটাইজেশনকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

- সভাপতি - জনাব মোঃ মশিউর রহমান
হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)
ভূমি মন্ত্রণালয়।
- তারিখ - ২৬ আগস্ট, ২০২১
- সময় - বিকাল ৩-০০ টা।
- সভার স্থান - হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) মহোদয়ের অফিস কক্ষ
(কক্ষ নং-৪০২, ভবন-৪)।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-ক তে সন্নিবেশিত।


২। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি ইনোভেশন টিমের সদস্য সচিব ও সহকারী হিসাব নিয়ন্ত্রক (প্রশাসন), জনাব মোঃ ইকবাল হোসেন-কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

৩। সভাপতির অনুমতিক্রমে সহকারী হিসাব নিয়ন্ত্রক (প্রশাসন) বাস্তবায়িত উত্তাবনী খারণা, সহজিকৃত ও ডিজিটাইজেশনকৃত সেবা বিষয়ে সভাকে জানান- ২০২০-২১ অর্থবছরে সেবা সহজিকরণ হিসেবে “শান্তি বিনোদন ছুটি ও ভাতার আবেদন নিষ্পত্তিকরণ এবং ডিজিটাল সেবা হিসেবে “ই-গার্ড ফাইল সিস্টেম” চালু করা হয়েছে। তিনি বলেন সেবা সহজিকরণের ফলে সুবিধাভোগীগণের শান্তি বিনোদন ছুটি ও ভাতার আবেদন চারটি ধাপের স্থলে দুইটি ধাপে নিষ্পত্তি করা সম্ভব হচ্ছে। ই-গার্ড ফাইল সিস্টেম এ আর্থিক বিধিবিধান ও অডিট সম্পর্কিত সরকারি আদেশ-নির্দেশ সম্বলিত পরিপত্র, সাকুলার, প্রজ্ঞাপন ইত্যাদি সংরক্ষিত থাকে বিধায় অডিট চলাকালীন তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট অডিট টিম উক্ত সিস্টেমে লগিং করে প্রয়োজনীয় তথ্যাদির বিষয়ে অবগত হয়ে বস্তুনিষ্ঠ নিরীক্ষাকার্য সুষ্ঠুভাবে সম্পাদন করে থাকেন। সভাপতি বলেন বাস্তবায়িত উত্তাবনী সেবার বিষয়ে সুবিধাভোগীদের অবহিতকরণ বিভাগীয় সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)গণ সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের মাসিক সমন্বয় সভায় আলোচনা করবেন।

৪। সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

- (১) সেবা সহজিকরণ হিসেবে “শান্তি বিনোদন ছুটি ও ভাতার আবেদন নিষ্পত্তি করায় সুবিধাভোগীগণ স্বল্প সময়ের মধ্যে ছুটি ও ভাতা মঞ্জুরি পত্র প্রাপ্ত হন ;
- (২) ডিজিটাল সেবা হিসেবে “ই-গার্ড ফাইল সিস্টেম” চালু হওয়ায় অডিট চলাকালীন তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট অডিট টিম উক্ত সিস্টেমে লগিং করে প্রয়োজনীয় তথ্যাদির বিষয়ে অবগত হয়ে বস্তুনিষ্ঠ নিরীক্ষাকার্য সুষ্ঠুভাবে সম্পাদন করে থাকেন ;
- (৩) বিভাগীয় সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)গণ সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের মাসিক সমন্বয় সভায় বাস্তবায়িত উত্তাবনী সেবার বিষয়ে সুবিধাভোগীদের অবহিতকরণ।

৫। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ মশিউর রহমান)

হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)(চঃদাঃ)

E-mail: coa_revenue@yahoo.com

ফোন # ৯৫৪০১১৯।

স্মারক নং-৩১.০৫.০০০০.৭৯১.০৫.০১০.২১.৭৭৭/১/১(১৪)

তারিখঃ ২৯/০৮/২০২১খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

- ১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সহকারী হিসাব নিয়ন্ত্রক (প্রশাসন), প্রশাসন শাখা, সদর দপ্তর, ঢাকা।
- ৩। সহকারী হিসাব নিয়ন্ত্রক (অডিট), অডিট শাখা, সদর দপ্তর, ঢাকা।
- ৪। সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব), ঢাকা বিভাগ, ঢাকা/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ/
রাজশাহী বিভাগ, রাজশাহী/ রংপুর বিভাগ, রংপুর/ খুলনা বিভাগ, খুলনা/ বরিশাল বিভাগ, বরিশাল/
চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ সিলেট বিভাগ, সিলেট।
- ৫। হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব), প্রশাসন/ অডিট শাখা, সদর দপ্তর, ঢাকা।
- ৬। অফিস কপি।



(মোঃ ইকবাল হোসেন)

সহকারী হিসাব নিয়ন্ত্রক (প্রশাসন)

E-mail: aca.revenue.1964@gmail.com

ফোন # ০২২২৩৩৮৭১৯৯।